



HUMAN RIGHTS SUPPORT SOCIETY (HRSS)

D-3, # 3rd floor, Nur-Jehan Tower, Outer Circular Road, Bangla Motor, Dhaka-1205,
Bangladesh. E-mail: hrssbd14@gmail.com, Web: www.hrssbd.org

Ref: hrss/2019/ka/41

Reg. No: S-12473/2016

তারিখঃ ০৮.০৩.২০২০

সংবাদ বিজ্ঞপ্তি আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে, এইচআরএসএস

জাতিসংঘ কর্তৃক ১৯৭৫ সালে স্বীকৃতি দেওয়ার পরে এখন বিশ্বের ১৮৯ টি দেশে সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে নারী দিবস উদযাপন করা হয়। ২০২০ সালের আন্তর্জাতিক নারী দিবসের মূল প্রতিপাদ্য চসবার জন্য সমতা। প্রতি বছরের মতো এবারও নারী দিবসের প্রতিপাদ্যে সমতায়নে নারীর সৃজনশীলতায় দৃষ্টিপাত করা হয়। এবারের নারী দিবসের থিম সবাইকে মনে করিয়ে দেয়, লিঙ্গসমতা বিশ্ব তৈরিতে সহায়তা করা সবার নৈতিক দায়িত্ব। তবে এইচআর এস এস মনে করে, মানবাধিকারের অনিশ্চয়তা রেখে এসব প্রতিপাদ্য পূরণ করা এখনও অসম্ভব। প্রতিবছর ভিন্ন ভিন্ন প্রতিপাদ্য নিয়ে নারী দিবস পালিত হলেও বিশ্বজুড়ে নারীর অবস্থানে খুব একটা তারতম্য চোখে পড়েনা। কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বাড়লেও নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ ও সহিংসতা এখনও বিদ্যমান। একখনও কর্মক্ষেত্রে বেতন এবং পদবীর ক্ষেত্রে নারীরা পুরুষের সমান অধিকার ভোগ করেন না। এদেশে এখনও একটা মেয়েকে নিজের স্বপ্ন পূরণের চাইতে সমাজের চাহিদা আগে মাথায় রাখতে হয়। অনেকেই উচ্চ শিক্ষার সুযোগবঞ্চিত হন। বিয়ে এবং সন্তান ধারণের জন্য কেরিয়ার এবং পড়াশোনায় পিছিয়ে যান অনেকেই। অনেকসময় বাধ্য হন চাকরি ছাড়তে। এখনও সমাজের সব শ্রেণীর শিক্ষিত-অশিক্ষিত সব ধরণের নারী পারিবারিক নির্যাতনের শিকার হন। ইউএন উইমেন ২০২০ থিমে বলা হয়, আই অ্যাম জেনারেশন ইকুয়ালিটি ব্লুআমি সমতার প্রজন্ম। নতুন প্রজন্মের কিশোরী-তরুণীদের জীবনমানে সমতা আনয়ন এই প্রতিপাদ্যের লক্ষ্য। তাদের নিরাপদ ও নিরাপত্তাপূর্ণ যৌনজীবনের অধিকার এবং প্রজনন ক্ষমতার ওপর নিয়ন্ত্রণ সুনিশ্চিত করাও এই প্রতিপাদ্যের একটি লক্ষ্য। কিন্তু নারি নির্যাতনের ঘটনা বাংলাদেশে দিন দিন বেড়েই চলেছে, বিশেষ করে ধর্ষণের ঘটনা মহামারির আকার ধারণ করেছে। এইচ আর এস এস তথ্য মতে ২০১৯সালে ১৪২৯ জন নারি ধর্ষণের শিকার হন যাদের অধিকাংশের বয়স ১৬ বছরের নিচে। তাই রাজনৈতিক, সামাজিক অর্থনৈতিক ক্ষেত্রে নারীর অংশগ্রহণ বাড়লেও এখনও নানাভাবেই বঞ্চনার শিকার হচ্ছেন সমাজের বিভিন্ন শ্রেণীর নারী। এবারের আন্তর্জাতিক নারী দিবসে, আসুন আমরা নিশ্চিত করি নারীর অধিকার, মর্যাদা ও সার্বিক নিরাপত্তা।

ধন্যবাদসহ-

আপনার বিশ্বস্ত
দপ্তরিক কর্মকর্তা
ইমামুল হোসাইন

মোবাইল নং: ০১৫২০১০৪৭৪৭

হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচ.আর.এস.এস)